গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংড়া, নাটোর।
**www.singra.natore.gov.bd**

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৯১.০০০.০৫.০০১.২০-২১৭ তারিখঃ ফাল্গুন, ১৪২৬ বঃ / ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ

বিষয় ঃ সিংড়া উপজেলাধীন পুরাতন জরাজীর্ণ কোর্ট ভবনটির অনাপত্তি পত্র।

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগের গত ২৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখের ৪৬.০৪৫.০২২.১০.০১.০০১.২০১১-১০৫৮ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিংড়া উপজেলা পরিষদ চত্ত্বরে অবস্থিত কোর্ট ভবনটি দীর্ঘদিন যাবৎ পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। উক্ত ভবনটি পুরান ও জারাজীর্ণ হওয়ার কারণে উপজেলা পরিষদের সৌন্দর্য নষ্ট হচ্ছে। ভবনটি উপজেলা পরিষদের ফেব্রুয়ারি- ২০২০ মাসের সাধারণ সভায় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নির্দেশনায় পরিত্যাক্ত ঘোষণার সিদ্ধান্ত গৃহিত হয়। এ লক্ষ্যে ভবনটি অপসারণ করা প্রয়োজন। কিন্তু স্থানীয় সরকার বিভাগের ২৩/০৯/২০১৮ খ্রি. তারিখের ৪৬.০৪৫.০২২.১০.০১.০০১.২০১১-১০৫৮ নং স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক কনডেমন ঘোষণার জন্য উপজেলা পরিষদের মালিকানাধীন সম্পত্তিতে ভবনের মালিকানা উল্লেখ করতঃ সংশ্লিষ্ট দপ্তরের অনাপত্তি পত্র প্রয়োজন। উল্লেখ্য যে, পুরাতন জরাজীর্ণ কোর্ট ভবনটি গণপূর্ত বিভাগের মালিকানাধীন। সুতরাং জেলা কনডেমনেশন কমিটির নিকট নথি প্রেরণ করার জন্য আপনার দপ্তর হতে অনাপত্তি পত্র বিশেষ প্রয়োজন।

এমতাবস্থায় সিংড়া উপজেলা পরিষদ চত্ত্বরে অবস্থিত পুরাতন জরাজীর্ণ কোর্ট ভবনটি পরিত্যাক্ত ঘোষনার জন্য অনাপত্তি পত্র প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৬.০২.২০২০
(মোছাঃ নাসরিন বানু)
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর।
ফোন ঃ ০৭৭২৬-৬৩০০২
**unosingra@mopa.gov.bd**

প্রাপক,
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত বিভাগ
নাটোর।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ**

০১। জেলা প্রশাসক, নাটোর।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.০১.০০১.২০১১-১০৫৮ তারিখ ঃ ২৩/০৯/২০১৮খ্রি.

বিষয় ঃ উপজেলা পরিষদের প্রস্তাবে স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন সহজীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন উপজেলা পরিষদ হতে নিম্নবর্ণিত বিষয়ে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন চাওয়া হয়। কিন্তু প্রস্তাবের সাথে প্রয়োজনীয় তথ্য/ডকুমেন্ট প্রেরণ না করার কারনে সিদ্ধান্ত প্রদানে বিলম্ব হয়। এমতাবস্থায়, পরবর্তীতে নিম্নবর্ণিত বিষয়ে স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন চাওয়ার ক্ষেত্রে পার্শ্বে বর্ণিত তথ্য/ডকুমেন্টসমূহ আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| বিষয় | প্রস্তাবের সাথে আবশ্যিকভাবে প্রেরিতব্য তথ্য/ডকুমেন্ট |
|---|---|
| উপজেলা পরিষদের প্রধান প্রবেশ গেইট নির্মাণ। | (ক) এলজিইডি কর্তৃক প্রণিত ও স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত এক ও অভিন্ন নির্ধারিত ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী ১৮.৭৪ লক্ষ (আঠার লক্ষ চুয়াত্তর হাজার) টাকা ব্যয় সীমার মধ্যে প্রস্তাব প্রেরণ।<br>(খ) প্রকল্প ও প্রাক্কলন উভয়টি অনুমোদন সম্বলিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।<br>(গ) প্রস্তুতকৃত প্রাক্কলনে চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর স্বাক্ষর থাকতে হবে।<br>(ঘ) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি এর কারিগরী প্রতিবেদন এবং প্রতিবেদনে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত নির্ধারিত ডিজাইন অনুযায়ী প্রাক্কলন প্রস্তুতের বিষয়টি উল্লেখ থাকতে হবে।<br>(ঙ) রাজস্ব তহবিলের স্থিতির প্রমাণক (ব্যাংক স্টেটমেন্ট)। |
| উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ। | (ক) এলজিইডি কর্তৃক প্রণিত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত নির্ধারিত ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক সীমানা প্রাচীরের সামনের দিকে প্রতি মিটার ১২,৬৫০/- টাকা এবং পিছনে/পার্শ্বে প্রতি মিটার ৮,৯১২/- টাকা ব্যয় সীমার মধ্যে প্রস্তাব প্রেরণ।<br>(খ) কোন্ দিকের সীমানা প্রাচীরের (সামনে/পিছনে/পার্শ্বে) দৈর্ঘ্য কত মিটার এবং প্রতি মিটারের প্রাক্কলিত মূল্য সুস্পষ্টভাবে উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীতে ও উপজেলা নির্বাহী অফিসারের পত্রে উল্লেখ করতে হবে।<br>(গ) প্রস্তুতকৃত প্রাক্কলনে চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর স্বাক্ষর থাকতে হবে।<br>(ঘ) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি এর কারিগরী প্রতিবেদন এবং প্রতিবেদনে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত নির্ধারিত ডিজাইন অনুযায়ী প্রাক্কলন প্রস্তুতের বিষয়টি উল্লেখ থাকতে হবে।<br>(ঙ) রাজস্ব তহবিলের স্থিতির প্রমাণক (ব্যাংক স্টেটমেন্ট)। |
| উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের মালিকানাধীন জীবিত গাছ কর্তণ। | (ক) স্থানীয় সরকার বিভাগের গত ১৫-০৮-২০০৭ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকে গঠিত কমিটি কর্তৃক নির্ধারিত প্রাক্কলিত মূল্য এবং গাছের সংখ্যা/কাঠের বিবরণ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী উল্লেখপূর্বক প্রস্তাব জেলা প্রশাসকের মাধ্যমে প্রেরণ করতে হবে।<br>(খ) গাছের সংখ্যা/কাঠের বিবরণ ও প্রাক্কলিত মূল্য উল্লেখকরতঃ জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির অনুমোদন সম্বলিত কার্যবিবরণী। |

| | |
|---|---|
| উপজেলা পরিষদের মালিকানাধীন ভবন পরিত্যক্ত ঘোষনা ও বিক্রি। | (ক) ভবনের নাম/ধরন/অবস্থান এবং এর প্রাক্কলিত মূল্য সুস্পষ্টভাবে উল্লেখ করে উপজেলা পরিষদের অনুমোদন সম্বলিত মাসিক সভার কার্যবিবরণী।<br>(খ) প্রস্তুতকৃত প্রাক্কলনে চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর স্বাক্ষর থাকতে হবে।<br>(গ) ভবন/স্থাপনার মালিকানা উল্লেখ করতঃ সংশ্লিষ্ট দপ্তরের অনাপত্তি।<br>(ঘ) জেলা কনডেমনেশন কমিটির সুপারিশ ও কার্যবিবরণীতে ভবনের নাম/ধরন/অবস্থান এবং এর প্রাক্কলিত মূল্য সুস্পষ্টভাবে উল্লেখসহ প্রস্তাব জেলা প্রশাসকের মাধ্যমে প্রেরণ করতে হবে। |
| উপজেলা পরিষদের নতুন আসবাবপত্র ক্রয়। | (ক) উপজেলা পরিষদে নতুন আসবাবপত্র ক্রয়ের প্রকল্প ও প্রাক্কলন উভয়টি অনুমোদন সম্বলিত পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।<br>(খ) উপজেলা পরিষদে নতুন আসবাবপত্র ক্রয়ের ক্ষেত্রে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর ৫(ছ) নির্দেশনা অনুযায়ী বিবেচ্য অর্থ বছরের জন্য নির্ধারিত ১.৫০ লক্ষ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ইতোমধ্যে ব্যয় করা হয়েছে কি-না এ বিষয়ে সুস্পষ্ট বর্ণনা।<br>(গ) প্রস্তুতকৃত প্রাক্কলনে চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর স্বাক্ষর থাকতে হবে।<br>(ঘ) রাজস্ব তহবিলের স্থিতির প্রমাণক (ব্যাংক স্টেটমেন্ট)। |
| উপজেলা পরিষদের অফিস ভবন/বাসা মেরামত। | (ক) উপজেলা পরিষদের মালিকানাধীন অফিস ভবন/বাসা মেরামতের প্রকল্প ও প্রাক্কলন উভয়ই অনুমোদন সম্বলিত পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।<br>(খ) উপজেলা পরিষদের মালিকানাধীন অফিস ভবন/বাসা মেরামতের ক্ষেত্রে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০১৪ এর ?(ক) নির্দেশনা অনুযায়ী বিবেচ্য অর্থ বছরের জন্য নির্ধারিত ৭.০০ লক্ষ (সাত) টাকা ইতোমধ্যে ব্যয় করা হয়েছে কি-না এ বিষয়ে সুস্পষ্ট বর্ণনা।<br>(গ) প্রস্তুতকৃত প্রাক্কলনে চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর স্বাক্ষর থাকতে হবে।<br>(ঘ) রাজস্ব তহবিলের স্থিতির প্রমাণক (ব্যাংক স্টেটমেন্ট)। |

২৩/২/১৮

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৭২৩০
e-mail : lgd.upazila2@gmail.com

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)..............।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..................।

অনুলিপি ঃ

১. জেলা প্রশাসক (সকল)...................জেলা।
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল)..................জেলা।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

01714431842